

SANDHAN • ISSN : 2349-0136

৮ বর্ষ • ১ সংখ্যা • ২০২১


সীমান্ত
সংগ্রহ

মৃত্যু
ইসারা

সন্ধান


সমাজ-সংস্কৃতি-সাহিত্য বিষয়ক গবেষণা পত্রিকা

বাংলা সাহিত্যের প্রেক্ষিতে



সন্ধান
সমাজ-সংস্কৃতি-সাহিত্য
বিষয়ক গবেষণা পত্রিকা

SANDHAN • ISSN : 2349-0136
An International Peer-Reviewed (Refereed)
Research Journal
on Society, Culture & Literature



৮ বর্ষ • ১ সংখ্যা • ২০২১

বিষয়

জীবনের সংকট, মৃত্যুর ইশারা : বাংলা সাহিত্যের প্রেক্ষিতে

আলোচনার মূল ফোকাস

প্রান্তিক মানুষের সংকট : বাংলা সমাজ-সংস্কৃতি-সাহিত্যে
বিবর্তন, নিঃসঙ্গতা ও মৃত্যু : বাংলা সমাজ-সংস্কৃতি-সাহিত্যে
মহামারী, মরুস্তর ও মৃত্যু : বাংলা সমাজ-সংস্কৃতি-সাহিত্যে
সংকট ও উত্তরণ : বাংলা সমাজ-সংস্কৃতি-সাহিত্যে

সম্পাদক
দীপঙ্কর মল্লিক



দি গৌরী কালচারাল এন্ড এডুকেশনাল অ্যাসোসিয়েশন
সমাজ-সংস্কৃতি-সাহিত্য গবেষণাকেন্দ্র

বিষয় সূচি

আলোচনার বিষয়—প্রান্তিক মানুষের সংকট : বাংলা সমাজ-সংস্কৃতি-সাহিত্যে প্রাগৈতিহাসিক বাংলা সাহিত্যে প্রান্তিকতা সনৎকুমার নস্কর	১
প্রান্তিক বাঙালির খ্রিস্টীয় জীবনবোধ : অবলম্বন 'ফুলমাগি ও করুণার বিবরণ' মুদুল ঘোষ	২২
প্রান্ত সুন্দরবনের চরবাসী মাছমারাদের জীবনসংকট ও বাংলা উপন্যাস শেখ রেজওয়ানুল ইসলাম	৩০
ব্রাহ্মণ্যতন্ত্রের প্রতাপ ও নিম্নবর্ণের প্রান্তিকীকরণ : প্রসঙ্গা নীল ময়ূরের যৌবন' শাহনাজ বেগম	৪৫
অনিল ঘড়াইয়ের নির্বাচিত ছোটগল্পে প্রান্তিক মানুষের সংকটের বহুমাত্রিকতা সুশান্ত সীতরা	৫০
শ্যামল গজোপাধ্যায়ের ছোটগল্প সুন্দরবনের প্রকৃতি-প্রতিবেশ ও নিম্নবর্ণীয় জীবন শ্যামল দে	৬৪
'ভেবেছিলাম' : ছোটগল্পকার সন্তোষকুমার ঘোষ—নিম্নবর্ণের রূপকার শর্মিষ্ঠা ধাড়া	৭০
স্বপ্নময় চক্রবর্তীর ছোটগল্পে সমাজের প্রতাপ ও ব্রাহ্মণ্যতন্ত্রের সংকট দেবশীষ রক্ষিত	৭৭
পরিবর্তিত প্রাণী সংস্কৃতি প্রসঙ্গা : সৈকত রক্ষিতের নির্বাচিত ছোটগল্প বিকাশ কালিন্দী	৮১
সৈয়দ মুস্তাফা সিরাজের ছোটগল্পে প্রান্তিক মানুষের সংকটের চিত্ররূপ চুমকি সাহা	৮৭
অভিজিৎ সেনের 'বর্গক্ষেত্র' : প্রান্তিক মানুষের সংকট রোকেয়া পারভীন	৮৭

অভিজিৎ সেনের 'বর্গক্ষেত্র' : প্রান্তিক মানুষের সংকট

রোকেয়া পারভীন

স্বাধীনতা পরবর্তী বাংলা কথাসাহিত্যিকদের মধ্যে অন্যতম হলেন অভিজিৎ সেন। তথাকথিত বাংলা সাহিত্যের আখ্যান ধর্মীতার বিপরীতে, প্রধানত ছোটো কাগজগুলিকে আশ্রয় করে একদল প্রতিশ্রুতিবান লেখকের আবির্ভাব হয়েছিল—যারা বিষয়-বিন্যাস, আঙ্গিক চিন্তায় কথাসাহিত্যের আঙিনায় বিকল্প শ্রোতের স্থাপতি। পূর্বের সাহিত্যধারায় উচ্চবিত্ত শ্রেণিরা বিশেষভাবে জায়গা করে নিয়েছিল। তার বাইরে লেখকের সমকালীন রাজনীতি, সমাজ, অর্থনীতির চাপে নাতিশ্চাস ওঠা গরিষ্ঠভাগ সাধারণ শ্রেণির মানুষের জীবন একেবারেই অনুজ্জ্বল। সম্ভরের দশক থেকে গ্রাম জীবনের খেটে খাওয়া নিম্নবিত্ত, অশ্রজ ও প্রান্তিক মানুষেরা আলোচনার বৃত্তে ধরা পড়ে। এই প্রান্তিক মানুষের অবর্ণনীয় দুরবস্থা, নৈঃসঙ্গ, হতাশা, অনিশ্চয়তা ও নিরাশ্রয়তা সমাজ-মনস্ক সম্ভরের দশকের লেখকদের সৃষ্টিপ্রেরণার ভিত্তিমূলকে নাড়িয়ে দেয়। ফলে বাংলা গল্প-উপন্যাসে আসে প্রকৃত বাস্তবের ডিস্টার্বিং জীবন' সমালোচনা। বাংলা কথাসাহিত্যিকদের মধ্যে দেখা দেয় বিষয়-বিন্যাস, রচনারীতি ও জীবনদৃষ্টিতে গ্রামজীবনের ছবি ও বাস্তবতার নিখাদ রূপ তুলে ধরার নবতর বীক্ষা, সমাজের রাতজনদের জীবনকে তুলে ধরার চেষ্টা এবং নিম্নবর্গের প্রান্তিক সমাজের প্রতিবেদনকে রূপ দেওয়ার প্রয়াস। কথাসাহিত্যিক অভিজিৎ সেন ছিলেন সেই ধারারই একজন জনপ্রিয় লেখক। ফলে তাঁর রচনায় স্বাভাবিকভাবে উঠে এসেছিল প্রান্তিক সমাজের কথা। শুধু তাই নয়, স্বাধীনতা পরবর্তী ছিন্নমূল উদবাস্তু জীবন তাঁকে ভীষণভাবে অভিজ্ঞ করে তুলেছিল। চরম আর্থিক সংকটের মধ্যে দিন অতিবাহিত করতে হয়েছিল, সহ্য করতে হয়েছিল চরম অপমান, লাঞ্ছনা, বঞ্ছনা। ফলে তিনি ভালোভাবেই জানতেন সাধারণ খেটে খাওয়া মানুষের অবর্ণনীয় কষ্টের কাহিনি। উপরন্তু তিনি কর্মজীবনে ব্যাংকের ফিল্ড অফিসার হিসেবে যুক্ত থাকায় মালদা, মুর্শিদাবাদ, দুই দিনাজপুরের প্রত্যন্ত গ্রামের মানুষদের সঙ্গে একাশ্রয় ছিলেন। টাকা আদায় করতে গিয়ে গ্রামে রাতের পর রাত কাটানোর সুবাদে লেখক প্রান্তিক মানুষদের সামাজিক অবস্থান, অর্থনৈতিক সংকট, শিক্ষা-স্বাস্থ্য-চিকিৎসার অভাব, রাজনৈতিক ব্যক্তিদের দ্বারা বঞ্ছনা, অত্যাচার নিজের চোখে দেখেছিলেন। আর এই অভিজ্ঞতায় সমৃদ্ধ ভাঙারই তাঁকে অন্যান্য সাহিত্যিকদের থেকে অনেকটাই এগিয়ে দিয়েছিল। বিষয় তাঁর 'বর্গক্ষেত্র' উপন্যাসেও সেই প্রান্তিক মানুষের সংকটের কথা উঠে এসেছে।